

'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ আয়োজন উপলক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের প্রস্তুতি সভার কার্যবিবরণী

| | |
|------------|---------------------------------------|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী সচিব |
| সভার তারিখ | ০৩ মার্চ ২০২৪ |
| সভার সময় | বিকাল ৩.৩০টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে আলোচসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য বলেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------|--|--|--|
| ১ | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ: 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় গতবারের ন্যায় পুরাতন ঢাকার কেন্দ্রীয় কারাগারে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। | ১. আগামী ৭ই মার্চ ২০২৪ সকাল ৯.৩০ মিনিটে এ বিভাগের কর্মকর্তাগণ এবং অধীন অধিদপ্তর প্রধানগণ ও যুগ্মসচিব/সমপর্যায়ের কর্মকর্তাগণ পুরাতন ঢাকার কেন্দ্রীয় কারাগারে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। ২. ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষ্যে একটি ব্যানার প্রস্তুত করতে হবে। | সকল কর্মকর্তা/অধিদপ্তর প্রধান (সকল) এবং প্রশাসন-২ ও ৩ শাখা |
| ২ | নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ: ওসমানী স্মৃতি মিলনায়তন অনুষ্ঠানস্থলে এবং দেশব্যাপী আয়োজিতব্য অনুষ্ঠানস্থলে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. দেশব্যাপী আয়োজিতব্য অনুষ্ঠানস্থলে অগ্নিনিরাপত্তা নিশ্চিত করার জন্য মাঠ প্রশাসনের সাথে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৩ | ফায়ার সার্ভিস টিম প্রস্তুত রাখা: ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকায় ফায়ার সার্ভিসের টিম প্রস্তুত ও যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকায় ফায়ার সার্ভিসের টিমসহ অগ্নিনির্বাপন গাড়ি সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

সভাপতি যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চ প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০২.২৩.২০৫

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০

০৪ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব